



EMBASSY OF  
THE PEOPLE'S REPUBLIC OF  
BANGLADESH  
ANDERSTORPSVAGEN 12 (1 TR.)  
SE-171 54 SOLNA, SWEDEN  
TEL: +46 8 730 58 50 -52  
FAX: +46 8 730 58 70

### সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ দূতাবাস, স্টকহোমে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২১ উদযাপন

২৬ মার্চ ২০২১, বুধবার: বিনয় শ্রদ্ধা-ভালবাসার মধ্য দিয়ে বাংলাদেশ দূতাবাস, স্টকহোমে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২১ উদযাপিত হয়েছে। ২৬ মার্চ সকালে দূতাবাস প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের কার্যক্রম শুরু হয়। পরে বিকালে অনলাইনে জুম প্লাটফর্মে এক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সুইডেন, নরওয়ে এবং ফিনল্যান্ডে অবস্থানরত বাংলাদেশী কমিউনিটির সদস্যবৃন্দ অনলাইনে এবং দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীগণ দূতাবাস প্রাঙ্গণ থেকে যোগদান করেন। অনুষ্ঠানের শুরুতে পবিত্র ধর্মগ্রন্থসমূহ থেকে পাঠ শেষে দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীদের ও অনলাইনে অংশগ্রহণকারী অতিথিদের সমবেত শুদ্ধ স্বরে জাতীয় সংগীত পরিবেশন করা হয়। জাতীয় সংগীত পরিবেশনের পর রাষ্ট্রদূত মো. নাজমুল ইসলামের নেতৃত্বে প্রতীকী স্মৃতিসৌধে শহীদগণের প্রতি এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়। দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রী এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করেন দূতাবাস কর্মকর্তাগণ। এরপর স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত একটি ভিডিও বার্তা প্রদর্শন করা হয়। বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে প্রদত্ত সুইডেন, নরওয়ে, ফিনল্যান্ড এর রাষ্ট্রপ্রধান, সরকারপ্রধান এবং মন্ত্রীদের প্রদত্ত বিভিন্ন বার্তা প্রদর্শন করা হয়।

এরপর অনলাইনে উপস্থিত সুইডেন, নরওয়ে এবং ফিনল্যান্ডে অবস্থানরত প্রবাসী বাংলাদেশী এবং বিদেশীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। বক্তারা বলেন মহান স্বাধীনতা দিবস আমাদের মুক্তিযুদ্ধের ইতিহাসে একটি অবিস্মরণীয় ও গৌরবোজ্জ্বল দিন। ১৯৭১ সালের এই দিনে বাঙ্গালি জাতির মহান নেতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহবানে এ দেশের আপামর জনগণ কীধে কীধে মিলিয়ে পাকিস্তানী দখলদার বাহিনীর বিরুদ্ধে স্বাধীনতা যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছেন এবং রক্তের বিনিময়ে স্বাধীনতা ছিনিয়ে এনেছেন। বক্তারা বলেন স্বাধীনতা অর্জনের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে বাংলাদেশ শিক্ষা, অর্থনীতি সহ সকল ক্ষেত্রে প্রভূত উন্নয়ন সাধন করেছে। বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রীর দূরদৃষ্টিসম্পন্ন এবং সাহসী নেতৃত্বে এখন বাংলাদেশ সফলতার উচ্চশিখরে অবস্থান করছে। সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশকে সামনে এগিয়ে নিয়ে যাওয়ার অঙ্গীকার করেন তাঁরা।

রাষ্ট্রদূত মো. নাজমুল ইসলাম তাঁর বক্তব্যের সূচনায় স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অপরিসীম অবদানের কথা এবং ৩০ লক্ষাধিক শহীদের আত্মত্যাগ এবং ২ লক্ষাধিক মা ও বোনের সন্ত্রমহানীর বিনিময়ে অর্জিত বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের কথা বিনয় শ্রদ্ধায় স্মরণ করেন। তিনি বলেন মাননীয় প্রধানমন্ত্রীর সুদক্ষ নেতৃত্বে বাংলাদেশ এখন শক্তিশালী অর্থনৈতিক ভিত্তির উপর দাঁড়িয়ে আছে এবং আর্থ-সামাজিক উন্নয়নে বাংলাদেশ এখন বিশ্বে রোল মডেল। মাননীয় প্রধানমন্ত্রীর সুদৃঢ় নেতৃত্বে আমাদের অর্থনীতির মূল চালিকা শক্তি কৃষক, শ্রমিক এবং প্রবাসীদের কষ্টার্জিত শ্রমের মাধ্যমে বাংলাদেশ বিশ্ব দরবারে মাথা উঁচু করে দাঁড়িয়েছে। এ কারণেই আজ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী আমরা পালন করছি বেশ স্বস্তির সাথে। স্বাধীনতার সময় এবং যুদ্ধোত্তর বাংলাদেশের পুনর্গঠনে সুইডেন, নরওয়ে এবং ফিনল্যান্ড এর সহায়তার কথা উল্লেখ করে রাষ্ট্রদূত বলেন বর্তমানে বাংলাদেশের সামগ্রিক অগ্রগতিতে তারা উচ্ছসিত এবং বাংলাদেশে অধিকতর বিনিয়োগে আগ্রহী। বাংলাদেশ নিয়ে বাংলাদেশকে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় পরিণত করতে সবাইকে একযোগে কাজ করার আহবান জানান তিনি। বক্তব্য শেষে মুজিববর্ষ উপলক্ষ্যে সুইডেন, নরওয়ে এবং ফিনল্যান্ডে অবস্থানরত প্রবাসী বাংলাদেশী শিশুদের অংশগ্রহণে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতায় বিজয়ী প্রতিযোগীদের নাম ঘোষণা করা হয়।

Ajahan  
20.3.21

আমরিন জাহান  
প্রথম সচিব